# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-I Examination, 2022

## বাংলা

### দ্বিতীয় পত্র

সময়: ৪ ঘণ্টা — পূর্ণমান: ১০০

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। গল্পের আকারগত সংক্ষিপ্ততাই ছোটগল্পের একমাত্র বৈশিষ্ট্য নয়– এই মন্তব্যের আলোকে ছোট গল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। একটি সার্থক ছোটগল্পের মধ্যে উক্ত বৈশিষ্ট্যগুলির প্রয়োগ দেখাও। ৮+১২

**অথবা**

নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০+১০=২০

(ক) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ৫+৫

(খ) রাজনৈতিক উপন্যাসের প্রাণধর্মের পরিচয় দাও। এই সূত্রে বাংলা সাহিত্যের একটি রাজনৈতিক উপন্যাসের ব্যাখ্যা করো। ৩+৭

(গ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস বলতে কী বোঝো ? এই জাতীয় একটি উপন্যাসের পরিচয় দিয়ে চেতনাপ্রবাহরীতির ধারায় তার সার্থকতা বিচার করো। ৩+৭

(ঘ) সামাজিক, ঐতিহাসিক, রাজনৈতিক, আঞ্চলিক প্রভৃতি বিচিত্রতা সত্ত্বেও উপন্যাসের এমন কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে যা সব ধরনের উপন্যাসেই প্রত্যাশিত– বিষয়টি আলোচনা করো। ১০

২।(ক) চন্দ্রশেখর উপন্যাসের বিভিন্ন খণ্ডের নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮

**অথবা**

'পরে শৈবলিনীর জ্ঞান জন্মিতে লাগিল, বুঝিল যে প্রতাপ ভিন্ন পৃথিবীতে সুখ নাই, বুঝিল এ জন্মে প্রতাপকে পাইবার সম্ভাবনা নাই,' সমগ্র উপন্যাস জুড়ে শৈবলিনীর এই আত্মসংকট কীভাবে ফুটে উঠেছে তা দেখাও। ১৫

(খ) 'পাঁচজনের মধ্যে ও যে-কোনো একজন মাত্র নয় ও হল একেবারে পঞ্চম'- শেষের কবিতা উপন্যাসে এই উক্তি কার সম্পর্কে করা হয়েছে ? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ১+১৪

**অথবা**

শেষের কবিতার গঠনশৈলী আলোচনা প্রসঙ্গে উপন্যাসটির অভিনবত্ব বিচার করো। ১৫

(গ) শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শক মাত্র, জীবনের বিচিত্র রসের আস্বাদনে তার আনন্দ - শ্রীকান্ত উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে এই মন্তব্যটির পক্ষ অবলম্বন করো। ১৫

**অথবা**

'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাসে হাস্যরস সৃষ্টিতে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করো। ১৫

(ঘ) 'প্রাচীন গতানুগতিক উপকথার জগতে করালী নবীন আলোর মশাল' – মন্তব্যটির আলোকে করালী চরিত্রের বিচার করো। ১৫

**অথবা**

মিথের অনন্যসাধারণ ব্যবহার 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটিকে অভিনবত্ব দান করেছেঃ এই মন্তব্যের আলোকে হাঁসুলী বাঁকের উপকথা উপন্যাসের মিথ-প্রয়োগে ঔপন্যাসিকের দক্ষতা বিচার করো। ১৫

৩।(ক) 'আমি থাকিলে, শৈবলিনীর চিত্ত, কখন না কখন বিচলিত হইবার সম্ভাবনা। অতএব আমি চলিলাম।'-কে, কাকে, কখন একথা বলেছে ? বক্তার চরিত্রের কোন্ বিশেষত্ব এখানে প্রকাশিত হয়েছে ? ১+১+১+২

**অথবা**

''অনর্থক কলঙ্ক কিনিলাম, জাতি হারাইলাম, পরকাল নষ্ট করিলাম।'' – কে একথা ভেবেছে ? কেন ভেবেছে ? ১+৪

(খ) ''শেষে সমস্তটা বাল্যবিবাহ হয়ে না দাঁড়ায়'' – কে, কাকে এই কথা বলেছেন ? এই উক্তির আলোকে বক্তার দূরদর্শিতার পরিচয় দাও। ২+৩

**অথবা**

''এনামেল করা মুখের উপর দিয়ে দরদর করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।'' – প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

(গ) ''কিন্তু এতবড় একটা মহাপ্রাণ আজ পর্যন্ত তুমিই বা কয়টা দিতে পারিলে।'' – কাকে, কেন 'মহাপ্রাণ' বলা হয়েছে, আলোচনা করো। ১+৪

**অথবা**

''কি নিষ্ঠুর এই পুরুষ মানুষ জাতটা'' – বক্তা কে ? বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(ঘ) ''কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে'' – প্রসঙ্গ উল্লেখ করে এর তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

**অথবা**

''মুরুব্বি কত্তার পুজোটা সব আমাকে দিয়ো গো'' – কে বলেছে ? 'মুরুব্বি' কে ? উক্তিটি অবলম্বনে এখানে বক্তা-চরিত্রের বিশেষ মানসিকতাটি নির্ধারণ করো। ১+১+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——